যুগান্তর
প্রিন্ট: ১২ অক্টোবর ২০২৫, ১১:৪৯ এএম

শিক্ষাঙ্গন

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফল প্রকাশে রেকর্ড, পাস ৯৪.৬২ শতাংশ

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১০ অক্টোবর ২০২৫, ১২:১৮ এএম



বৃহস্পতিবার (৯ অক্টোবর) রাত ৮টার দিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এ ফলাফল প্রকাশ করা হয়।

বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, এ পরীক্ষায় সারাদেশের ৬৮৪টি কেন্দ্রে ১ হাজার ৯০৮টি কলেজের নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়নসহ সর্বমোট ২ লাখ ২৪ হাজার ২২৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। গড় পাসের হার ৯৪ দশমিক ৬২ শতাংশ।

জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ জানিয়েছেন দ্রুততম সময়ে ফল প্রকাশে এটি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে রেকর্ড।

অধ্যাপক আমানুল্লাহ বলেন, সবার প্রচেষ্টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই প্রথম মাত্র ৬০ দিনে ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের রেজাল্ট দেওয়া সম্ভব হলো, যা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি রেকর্ড।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://result.nu.ac.bd অথবা www.nu.ac.bd/results-এ ফল পাওয়া যাবে। প্রকাশিত ফলাফলে কোনো প্রকার অসঙ্গতি বা ভুল পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফলাফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।